

HIGHER SECONDARY EXAMINATION, 2009
HISTORY
(Bengali Version)

বিভাগ- 'ক'

১) নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়): ১০ x ১=১০

ক) রাউলাট আইন কবে পাশ হয় ?

অথবা

রবীন্দ্রনাথ কবে 'নাইট' উপাধি ত্যাগ করেন?

খ) ঠিক না ভুল লেখোঃ

গান্ধীজি নৌ- বিদ্রোহকে সমর্থন করেন ।

গ) কোন্ জাহাজে ভারতে নৌ- বিদ্রোহের সূচনা হয়েছিল ?

ঘ) ভারতের স্বাধীনতার সময় ব্রিটেনের প্রধানমন্ত্রী কে ছিলেন ?

ঙ) হরি সিং ছিলেন এর ।

অথবা

ভারতের সংবিধান সভার সভাপতি কে ছিলেন?

চ) জার্মানী কবে জাতিসংঘের সদস্যপদ ত্যাগ করে?

অথবা

হিরোশিমায় আণবিক বোমা ফেলে রাশিয়া / আমেরিকা যুক্তরাষ্ট্র / গ্রেট ব্রিটেন ।

ছ) চিয়াং কাইশেক কে ছিলেন?

জ) মার্শাল টিটো কে ছিলেন?

ঝ) দিয়েন বিয়েন ফুর যুদ্ধ সংঘটিত হয় ১৯৫০ / ১৯৫২ / ১৯৫৪ খ্রিষ্টাব্দে।

অথবা

ঞ) আন্তর্জাতিক বিচারালয় কোথায় অবস্থিত ?

অথবা

ঠিক না ভুল লেখোঃ

জাতিপুঞ্জের প্রধান কার্যালয় লন্ডনে অবস্থিত ।

বিভাগ 'খ'

২) নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়): ২ x ১০=২০

ক) 'তিন কাঠিয়া' ব্যবস্থা বলতে কি বোঝ?

অথবা

'সাম্প্রদায়িক বাঁটোয়ারা' কাকে বলে?

খ) কোন্ ঘটনা 'অলিন্দ যুদ্ধ' নামে খ্যাত?

অথবা

স্বরাজ্য পার্টির মূল লক্ষ্য কি ছিল?

- গ) ওয়াভেল পরিকল্পনা কি ছিল?
ঘ) 'পঞ্চশীল' কি?
ঙ) 'মহালানবিশ মডেল' বলতে কি বোঝ?
চ) জাপান কেন পার্ল হারবার আক্রমণ করেছিল?

অথবা

মিউনিখ চুক্তি কবে, কাদের মধ্যে স্বাক্ষরিত হয়?

ছ) 'আনসলুস' কি?

অথবা

'রোম-বার্লিন-টোকিও অক্ষচুক্তি' কি?

- জ) জেনেভা সম্মেলনে কোন্ কোন্ দেশ অংশ গ্রহণ করে?
ঝ) ১৯৪১-এর 'আতলাস্তিক সনদ' বলতে কি বোঝ?

অথবা

'তেহরান ঘোষণা'র গুরুত্ব কি ছিল?

ঞ) জাতিপুঞ্জের অন্তর্ভুক্ত যে কোনো দুটি গুরুত্বপূর্ণ সংস্কার উল্লেখ কর।

বিভাগ- 'গ'

৩) নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়): ৫ X ৬=৩০

ক) রাওলাট আইনের বিরুদ্ধে ভারতীয়দের প্রতিক্রিয়া কি ছিল ?

অথবা

মন্টেগু-চেমসফোর্ড আইনের মূল ধারাগুলি উল্লেখ কর।

খ) তেভাগা আন্দোলন সম্বন্ধে কি জান।

অথবা

'মাউন্টব্যাটেন পরিকল্পনা' কি?

- গ) ভারতীয়দের গণপরিষদের প্রকৃতি আলোচনা কর।
ঘ) রুশ-জার্মান অনাক্রমণ চুক্তির প্রেক্ষাপট আলোচনা কর।

অথবা

মুসোলিনি কিভাবে ইথিওপিয়া দখল করেন ?

ঙ) ভিয়েতনামের বিরুদ্ধে যুদ্ধে আমেরিকার পরাজয়ের কারণ সংক্ষেপে বিশ্লেষণ কর।

অথবা

চীনা কম্যুনিষ্টদের 'লং মার্চ'-এর উপর একটি টীকা লেখ।

চ) আরব জাতীয়তাবাদের উন্মেষের কারণগুলি কি?

অথবা

সুয়েজ সংকট বলতে কি বোঝ।

বিভাগ- 'ঘ'

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়): ১০ x ৪=৪০

ক) অসহযোগ আন্দোলনের পটভূমি ব্যাখ্যা কর। এই আন্দোলন কেন প্রত্যাহত হল।

৭ + ৩

অথবা

আইন অমান্য আন্দোলনের বৈশিষ্ট্য ও তাৎপর্য বিশ্লেষণ কর।

খ) ক্রিপস মিশনের প্রস্তাবগুলি কি ছিল? এই প্রস্তাব সম্পর্কে ভারতীয়দের প্রতিক্রিয়া কি ছিল?

৫ + ৫

অথবা

ভারতের স্বাধীনতা সংগ্রামে সুভাষচন্দ্র বসুর ভূমিকা কি ছিল?

গ) 'ঠান্ডা লড়াই' কাকে বলে? কোন্ পরিস্থিতিতে 'ঠান্ডা লড়াই'- এর উদ্ভব হয়?

৩ + ৭

অথবা

তৃতীয় বিশ্ব বলতে কি বোঝ? তৃতীয় বিশ্বের বৈশিষ্ট্যগুলি আলোচনা কর।

৪ + ৬

ঘ) স্ট্যালিন- পরবর্তীকালে সোভিয়েত রাশিয়ার পূর্ব ইউরোপীয় নীতি সংক্ষেপে আলোচনা কর।

অথবা

কিভাবে নতুন বিশ্বব্যবস্থার উদ্ভব ঘটে? এই ব্যবস্থার বৈশিষ্ট্য কি ছিল?

৫ +